

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত
অংশীজনের অংশগ্রহণ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মাসুক মিয়া মহাপরিচালক
সভার তারিখ	১২ সেপ্টেম্বর, সোমবার, ২০২২
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকায়
স্থান	বাহাজউঅ সভা কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপস্থিত সকলকে জানান যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (প্রশাসন ও অর্থ) কে সভার এজেন্ডা অনুযায়ী উপস্থাপনের অনুরোধ জানান। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এটি ১ম সভা। সরকারি কাজে জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধিতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সভাপতি এর প্রতিটি সূচক গুরুত্বসহকারে বাস্তবায়নে অভিমত ব্যক্ত করেন। স্টেকহোল্ডারগণের উদ্দেশ্যে সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠায় মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা হিসেবে আমরা প্রত্যেকে পরস্পরের সাথে তথ্য আদানপ্রদানসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করবে। অতঃপর সুশাসন প্রতিষ্ঠায় স্টেকহোল্ডারগণের মতামত জানানোর জন্য আহ্বান করেন। শুদ্ধাচার প্রতিষ্ঠায় উপস্থিত প্রতিনিধিগণ তাদের গুরুত্বপূর্ণ অভিমত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


- ১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কাজে জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধিতে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারিকে আন্তরিক হতে হবে;
- ২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিটি সূচকের কোয়ার্টার ভিত্তিক কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে; এবং
- ৩। প্রথম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন অক্টোবর/২২ ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাসুক মিয়া
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
- ৩) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
- ৪) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৮) নির্বাহী পরিচালক, আইডিলিউএম
- ৯) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর



নুরজাহান খানম
উপ-পরিচালক